## উপরাষ্ট্রপতির চিনে সরকারি সফর

চিনের ভাইস প্রেসিডেন্টের আমন্ত্রণে সম্মানীয় উপরাষ্ট্রপতি শ্রী হামিদ আনসারি ২৬-৩০ জুন ২০১৪ সরকারি সফরে চিন যাবেন।

৩০ জুন ২০১৪ উপরাষ্ট্রপতি তাঁর সমকক্ষ চিনের ভাইস প্রেসিডেন্ট লি উয়ানচাওয়ের সংগে বেজিং-এ দ্বিপাক্ষিক বৈঠক করবেন এবং প্রেসিডেন্ট শি জিনপিং-এর সংগে সাক্ষাৎ করবেন। তিনি শিয়ান সফর করবেন এবং শানশি প্রদেশের নেতৃত্বের সংগে মিলিত হবেন।

উপরাষ্ট্রপতি ২৬-২৮ জুন ২০১৪ বেজিং-এ অনুষ্ঠিত ‘পঞ্চশীল’ চুকতির ষাট বছর বর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

‘ভারত-চিন মৈত্রী সফর বিনিময়ের’ বর্ষে উপরাষ্ট্রপতির সফর উভয় দেশের মধ্যেকার স্ট্র্যাটেজিক ও সহযোগিতামুলক অংশীদারি  আরো সমৃদ্ধ করবে।

**নয়াদিল্লি**

**২০ জুন ২০১৪**